



ক্যাম্পার নির্ণয়ে নতুন গতি আনবে টেন হেডেড মাইক্রোস্কোপ: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের প্যাথলজি বিভাগে সংযোজিত অত্যাধুনিক টেন হেডেড মাইক্রোস্কোপ ক্যাম্পার শনাক্তকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

বৃহস্পতিবার (২ জুলাই) সকালে ঢামেকের প্যাথলজি বিভাগে টেন হেডেড মাইক্রোস্কোপ ও অন্যান্য প্যাথলজি যন্ত্রপাতি হস্তান্তর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মন্ত্রী জানান, দীর্ঘ প্রায় ২৫ বছর পর ঢাকা মেডিকলে এ ধরনের আধুনিক মাইক্রোস্কোপ যুক্ত হলো। এর মাধ্যমে ক্যাম্পারসহ বিভিন্ন জটিল রোগের নমুনা আরও নির্ভুলভাবে পরীক্ষা করা সম্ভব হবে, যা রোগ নির্ণয় ও চিকিৎসাসেবার মান উন্নয়নে সহায়ক হবে।

তিনি আরও বলেন, আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য রেখে দেশের মেডিকেল শিক্ষার পাঠ্যক্রমেও প্রয়োজনীয় পরিবর্তন আনার উদ্যোগ নেওয়া হচ্ছে।

স্বাস্থ্যমন্ত্রী জানান, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অবকাঠামো ও আবাসন ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। পাশাপাশি ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় সরকারের প্রয়োজনীয় প্রস্তুতি রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

এ সময় তিনি জানান, আগামী ১০ জুলাই প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী এবং জিয়াউর রহমান ফাউন্ডেশনের সহসভাপতি ডা. জুবাইদা রহমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনে যাবেন।